

নম্বর: ১৯.০০.০০০০.১১৪.০৬.০১৩.২০ (৩৮৭)/ ৪৫ (১)


তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৪

অফিস আদেশ

সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর দ্বিতীয় অধ্যায় (সচিবালয়ের সংগঠন, কর্মবন্টন ও কর্মপরিকল্পনা) এর অন্তর্ভুক্ত ১২ নং নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়ে কর্মরত ব্যক্তিগত কর্মকর্তাগণ নিম্নলিখিত কার্যাবলি/দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদন করে থাকবেন:

- নির্দেশিত কলের টেলিফোন সংযোগ দেয়া;
- নথি/চিঠিপত্র গ্রহণ, ডায়েরিভুক্তকরণ, গতিবিধি লিপিবদ্ধকরণ ও সংশ্লিষ্ট দপ্তর/শাখায় প্রেরণ;
- উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতিসাপেক্ষে কম্পিউটার, ফ্যাক্স ও ফটোকপি মেশিন চালনা করা;
- সংশ্লিষ্ট কর্মকর্তার দৈনন্দিন কার্যের তালিকা প্রণয়ন ও সময়মত উপস্থাপন;
- সংশ্লিষ্ট কর্মকর্তার বিভিন্ন প্রটোকল কার্যসম্পাদন;
- বিভিন্ন সভা সম্পর্কে ওয়াকিবহাল থাকা এবং এতৎসংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও নথি সংগ্রহ, সংরক্ষণ ও সময়মত সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট উপস্থাপন;
- সংশ্লিষ্ট কর্মকর্তার দপ্তরে ও সভায় আগত দেশি এবং বিদেশি অভ্যাগতদের আপ্যায়নের ব্যবস্থা করা;
- নির্দেশানুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের দেশ এবং বিদেশের ভ্রমণসূচি প্রণয়ন ও এর সাথে সংশ্লিষ্ট প্রটোকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন;
- সংশ্লিষ্ট কর্মকর্তার নির্দেশ অনুযায়ী টাইপ/কম্পিউটার কম্পোজের কাজ করা;
- অফিসের কার্যাদির গোপনীয়তা রক্ষা ও নিরাপত্তার ব্যবস্থা করা; এবং
- উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী পদমর্যাদার সাথে সংগতিপূর্ণ অন্য যে কোন কাজ করা।

০২। যথাযথভাবে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সকল ব্যক্তিগত কর্মকর্তার দায়িত্বাবলী সুষ্ঠুভাবে প্রতিপালনের নিমিত্ত এ অফিস আদেশ জারি করা হলো।


০৫-০২-২০২৪

(সৌরভ দাশ গুপ্ত বিজয়)

সহকারী সচিব (নীতি ও সংগঠন)

☎: ০২২৩৩৩৫০৯০৮

ই-মেইল: aspando@mofa.gov.bd

বিতরণঃ

১. ব্যক্তিগত কর্মকর্তা (সকল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান (সচিব পদমর্যাদার), মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
২. অতিরিক্ত পররাষ্ট্র সচিব (দ্বিপাক্ষিক-পূর্ব এবং পশ্চিম), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৩. মহাপরিচালক (সকল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৪. পরিচালক (সকল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৬. অফিস কপি।